গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা অধিশাখা

## G2P এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি: শেখ রফিকুল ইসলাম, মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
সভার তারিখ ও সময় : ৭ জুন ২০২১; রাত: ৯.৩০টা
সভার স্থান: অন লাইনে (Zoom Platform)

উপস্থিতি: সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

২.০ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির উপকারভোগীদের ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে বিতরণের লক্ষ্যে মাঠপর্যায়ে পিছিয়ে পড়া কয়েকটি জেলার অবশিষ্ট ভাতাভোগীদের মোবাইল হিসাব নম্বর খোলা, যাচাই, প্রতিস্থাপন এবং শতভাগ পেরোল প্রদানসহ সার্বিক বিষয়ে আলোচনা করার জন্য বিভাগীয় পরিচালকবৃন্দ,সংশ্লিষ্ট জেলার উপপরিচালকবৃন্দ, নগদ ও বিকাশের প্রতিনিধিবৃন্দ, সামাজিক নিরাপত্তা শাখার কর্মকর্তাবৃন্দকে অনুরোধ করেন।

৩.১ বিভাগীয় পরিচালক সিলেট জানান যে, এ বিভাগে হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় প্রায় ২০৩৭২ জনের হিসাব খোলা এবং ৩৫৭৯৩ জনের পেরোল দেয়া অবশিষ্ট আছে। অবশিষ্ট কাজ শেষ করার জন্য তিনি কয়েক দিন সময় বৃদ্ধির অনুরোধ করেন।

৩.২ বিভাগীয় পরিচালক চট্টগ্রাম জানান যে, পার্বত্য তিন জেলার মোবাইল নেটওয়ার্ক এর বাইরে থাকা অবশিষ্ট ভাতাভোগীদের হিসাব খোলার কাজ ও পেরোল পাঠানো সম্পন্ন হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

৩.৩ বিভাগীয় পরিচালক ময়মনসিংহ জানান যে, ময়মনসিংহ, নেত্রকোনা ও জামালপুর জেলায় শতভাগ পেরোল প্রেরণ করা হয়েছে এবং শেরপুর জেলায় ২৩২২ জনের পেরোল প্রেরণ অবশিষ্ট আছে। অবশিষ্ট পেরোল আগামী কালের মধ্যে পাঠানো সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৩.৪ বিভাগীয় পরিচালক ঢাকা জানান যে, ঢাকা বিভাগে ৯৮.৯০% পেরোল প্রেরণ করা সম্ভব হয়েছে। গোপালগঞ্জ ও রাজবাড়ী জেলায় কিছু হিসাব খোলা অবশিষ্ট আছে। তবে গোপালগঞ্জ জেলায় কিছু ভাতা সারেন্ডার হতে পারে মর্মে জানান। তিনি জানান যে,প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগিতা পেলে এ কাজটি দ্রুত শেষ করা সম্ভব হবে।

৩.৫ বিভাগীয় পরিচালক রংপুর জানান যে, রংপুর বিভাগে ৮টি জেলার মধ্যে ৫টি জেলার ১০০% পেরোল প্রেরণ সম্পন্ন হয়েছে। কুড়িগ্রাম, গাইবান্ধা ও নীলফারী জেলায় অবশিষ্ট হিসাব ও পেরোল প্রেরণের কাজ চলছে।২/৩ দিন সময় পেলে অবশিষ্ট কাজ সম্পন্ন করার চেষ্টা করবেন। তিনি আরও জানান যে, বিকাশের অসহযোগিতার জন্য হিসাব খোলা ও পেরোল প্রেরণ বিলম্ব হচ্ছে।

৩.৬ বিভাগীয় পরিচালক রাজশাহী জানান যে, বিকাশ কর্তৃপক্ষ জয়পুরহাট ও নাটোর জেলার ৭৯৫৪ জনের ডেটা সরবরাহ না করায় পেরোল প্রেরণ করা যাচ্ছেনা। তিনি এ বিষয়ে বিকাশ কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেন।

৩.৭ বিভাগীয় পরিচালক খুলনা জানান যে, খুলনা জেলায় ১০০০ জনের পেরোল প্রদান অবশিষ্ট আছে। অবশিষ্ট পেরোল আগামী কালের মধ্যে পাঠানো সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৩.৮ বিভাগীয় পরিচালক বরিশাল জানান যে, ইতোমধ্যে ঝালকাঠি ও বরিশাল জেলায় ১০০% পেরোল প্রেরণ করা হয়েছে। আজ পিরোজপুর ও বরগুনা জেলা ১০০% পেরোল প্রেরণ করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলা ব্যতীত ১০০% পেরোল প্রেরণ করা হয়েছে। ভোলা জেলায় ১০০০ জনের হিসাব খোলা বাকী আছে। তারা কয়েকদিনের মধ্যে অবশিষ্ট ভাতাভোগীর হিসাব খোলা ও পেরোল প্রেরণের কাজ সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৩.৯ সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর জানান যে, আমরা এ বছরের জিটুপি কার্যক্রমের প্রায় শেষ পর্যায়ে রয়েছি। এখন চূড়ান্ত তালিকা অনুযায়ী ভাতাভোগীগণ তাদের মোবাইল হিসাবে ভাতা পাচ্ছেন কিনা অথবা কোন রকম হয়রানির স্বীকার হচ্ছেন কিনা এ বিষয়ে নিয়মিত খোঁজখবর নেয়ার উপর গুরুত্বারোপ করেন। তিনি জানান যে, আগামী ২/১ দিনের মধ্যে ৩য় কিস্তির পেরোল শেষ পূর্বক ৪র্থ কিস্তির পেরোল শুরু করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:**

সভায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির উপকারভোগীদের ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে বিতরণের লক্ষ্যে মাঠপর্যায়ে পিছিয়ে পড়া কয়েকটি জেলার অবশিষ্ট ভাতাভোগীদের মোবাইল হিসাব নম্বর খোলা, যাচাই, প্রতিস্থাপন এবং শতভাগ পেরোল প্রদানসহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. আগামী ৯ জুনের মধ্যে অবশিষ্ট হিসাব খোলা ও প্রতিস্থাপনের কাজ শেষ করতে হবে।

২. আগামী ৯ জুনের মধ্যে ২য়, ৩য় কিস্তির পেরোল প্রেরণ নিশ্চিত করতে হবে এবং ১০ জুন হতে আবশ্যিকভাবে ৪র্থ কিস্তি পেরোল প্রদান শুরু করতে হবে। বিশেষ কোন কারণে যদি কিছু ভাতাভোগীর ২য়, ৩য় কিস্তির পেরোল প্রেরণ সম্ভব না হয় তবে ৪র্থ কিস্তির সাথেই একত্রে প্রেরণ করতে হবে।

৩. আগামী কয়েকদিন বিকাশ ও নগদ কর্তৃপক্ষ পিছিয়ে পড়া জেলাগুলিতে লোকবল বৃদ্ধি ও ইউনিট অফিসের সাথে সমন্বয় করে অবশিষ্ট হিসাব খোলা ও পেরোল প্রেরণে সার্বিক সহযোগিতা করবেন।

৪. বিকাশ ও নগদ কর্তৃপক্ষ ভাতাভোগীদের পিন কোড রিসেট, ভাতা উত্তোলন সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানসহ সার্বিক সহযোগিতার জন্য অনতিবিলম্বে ইউনিয়ন পর্যায়ে কাস্টমার কেয়ার সেন্টার স্থাপন করবেন।

৫. এজেন্ট ব্যাংকিং আওতাধীন ইউনিটসমূহের সকল পেরোল ৮ জুন ২০২১ এর মধ্যে প্রেরণ করতে হবে। যদি কোন ভাতাভোগীর হিসাব খোলা বাকী থাকে তাহলে আগামী ১২ জুনের মধ্যে হিসাব খুলে পেরোল প্রেরণ নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর

স্মারক নং-০১.৪১.০০০০.০৪৯. ০৬.০০৩.১২. ৮৭১ তারিখ: ০৭জুন ২০২১

<u>বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)..........................।
৪. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিবের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত পরিচালক (সকল) সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৬. সিইও, নগদ,৩৬ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।
৭. সিইও, বিকাশ, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর গেইট, মহাখালী, ঢাকা।
৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল) ....................................।
৯. উপজেলা/ইউসিডি সমাজসেবা কর্মকর্তা (সকল)................................................।

০৭/৬/২১

মো: সাব্বির ইমাম
পরিচালক(সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদফতর